



আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
জনপ্রশাসন মন্ত্রণালয়
১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০
<http://patc.chittagongdiv.gov.bd>
প্রশিক্ষণ শাখা

তারিখ: ২৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.০১.১৫৪১.০৬২.২৫.০১৮.২৩.১০

বিষয়: Language Learning Course (Grade: 09 or Above), Information & Communication Technology (ICT) Course (Grade: 10-12) এবং Fundamental Training Course (Grade: 13-16) এ প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কর্মসূচী ২০২৩-২০২৪ অনুযায়ী কর্মচারীদের জন্য Language Learning Course (Grade: 09 or Above), Information & Communication Technology (ICT) Course (Grade: 10-12) এবং Fundamental Training Course (Grade: 13-16) শীর্ষক তিনটি প্রশিক্ষণ কোর্স নিয়ে তালিকায় উল্লেখিত তারিখ ও মেয়াদে এ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্র: নং	নাম ও তারিখ:	যোগ্য পদ
1.	Language Learning Course (10 March, 2024 - 21 March, 2024)	Grade: 09 or Above
2.	Information & Communication Technology (ICT) Course (03 March, 2024 - 14 March, 2024)	Grade: 10-12
3.	Fundamental Training Course (10 March, 2024 - 28 March, 2024)	Grade: 13-16

- ২। কেন্দ্রের অনুমত সদস্যবৃন্দের পাশাপাশি দক্ষ ও অভিজ্ঞ অতিথি বক্তাগণ প্রশিক্ষক হিসেবে উক্ত প্রশিক্ষণে দায়িত্ব পালন করবেন।
 - ৩। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিক বিবেচনায় রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। মনোনয়ন পত্রে মনোনয়ন প্রদানকারী কর্মচারীর টেলিফোন, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
 - ৪। মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শুরু হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবিসহ সকাল ০৯:০০ টায় আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম আসকার দীঘির পশ্চিম পাড়, ১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০-এ রিপোর্ট করতে হবে। কোর্স শুরুর নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন প্রশিক্ষণার্থীর যোগদান পত্র গ্রহণ করা হবে না।
 - ৫। প্রশিক্ষণার্থীগণের আবাসন ব্যবস্থা হিসেবে কেন্দ্রের নিজস্ব আসবাব-সজ্জিত ডরমিটরী রয়েছে। এতে প্রশিক্ষণার্থীগণ বিনা ভাড়াই অবস্থান করতে পারবেন।
 - ৬। প্রশিক্ষণার্থীগণকে এ কেন্দ্র থেকে সরকার কর্তৃক প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদানের ব্যবস্থা রয়েছে।
 - ৭। মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য পৃথক আবাসন সুবিধা রয়েছে। তবে শিশুসন্তান ও গৃহপরিচারিকাসহ ক্যাম্পাসে থাকার সুযোগ নেই।
 - ৮। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধী টিকা গ্রহণকারী কর্মচারীদের মনোনয়ন প্রদানের জন্য মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠানকে বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে (টিকা গ্রহণের প্রমাণ পত্র প্রশিক্ষণার্থীকে রেজিস্ট্রেশনের সময় উপস্থাপন করতে হবে)।
 - ৯। এমতাবস্থায়, বিষয়োক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত মহোদয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম ও সিলেট বিভাগের দপ্তরসমূহ হতে ০২(দুই) জন কর্মচারীর (পুরুষ/মহিলা) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
 - ১০। আগ্রহী দপ্তরসমূহকে তাঁদের প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কর্মচারীদের নামের তালিকা বা প্রশিক্ষণার্থী কর্তৃক নিজের দপ্তর হতে মনোনয়ন প্রাপ্তির চিঠি নিম্নপ্রদত্ত ই-মেইল যোগে আরপিএটিসি, চট্টগ্রামে কোর্স শুরুর দু'দিন পূর্বেই আবশ্যিকভাবে ই-নথি/ই-মেইলে প্রেরণ করতে হবে অথবা অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অন্যথায় কোর্সে অংশগ্রহণ করা যাবে না।
- ই-মেইল- ddrpatcctg@gmail.com
যোগাযোগ: ০১৭৫১-৯০৬০৮৫ (প্রশিক্ষণ সহকারী)।
- ১১। মনোনয়ন প্রাপ্ত প্রশিক্ষণার্থীগণকে নিম্নোক্ত ওয়েব লিংকে প্রবেশপূর্বক অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
Link: http://erp.bpatc.org.bd/bpatc_registration/rpatc_add_new.php অনলাইন রেজিস্ট্রেশন বিষয়ক যেকোন প্রয়োজনে
জনাব মো: সাইফুল ইসলাম, ক্যাটালগার (মোবাইল নং- 01719-107794) এর সাথে যোগাযোগ করা যাবে।



০৬-০২-২০২৪

নূর-এ-জান্নাত রুমি

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

০২৩৩৩৩৫৯৬৯১ (ফোন)

০৩১২৮৬৭৭৩৮ (ফ্যাক্স)

ddrpatcctg@gmail.com

প্রশিক্ষার্থী মনোনয়নের জন্য পত্র প্রাপক।

